



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আঞ্চলিক পরিচালকের কার্যালয়  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
বরিশাল বিভাগ।



ওয়েবসাইট: [www.rdobarishal.gov.bd](http://www.rdobarishal.gov.bd)  
ই-মেইল: [rdbarishal@gmail.com](mailto:rdbarishal@gmail.com)

স্মারকনং- ৫৭.০৩.০৬৫১.০০০.১৮.৩১.২২.

তারিখঃ ১১.১০.২০২২ খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্রঃ পটুয়াখালী পলিটেকনিক এর ২১/০৯/২০২২ খ্রিঃ তারিখের স্মারক নং- পপই/সংস্থাপন/ব্যক্তি/১৩২৫

সূত্রঃ পটুয়াখালী পলিটেকনিক এর ২২/০৯/২০২২ খ্রিঃ তারিখের স্মারক নং- পপই/সংস্থাপন/ব্যক্তি/১৩২৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাব মোঃ সজীব হোসেন, ক্রাফট ইনস্ট্রাক্টর ও জনাব মোঃ ইসমাইল গাজী, অফিস সহায়ক, পটুয়াখালী পলিটেকনিক ইন্সটিটিউট, পটুয়াখালী অনাপত্তি সনদ (NOC) এর জন্য অধ্যক্ষ মহোদয়ের সুপারিশসহ আবেদন করেছেন। উক্ত আবেদনপত্র দুটি পর্যালোচনা করে দেখা যায় যে, তাদের দাখিলকৃত আবেদনপত্রের সাথে সংযুক্তিতে অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়ের অনাপত্তি সনদের ফরম্যাট ব্যবহার করা হয়েছে যেখানে তারা অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়ে নিযুক্ত আছেন বলে উল্লেখ করেন এবং অধ্যক্ষ মহোদয় তা অত্র দপ্তরে অগ্রণীত করেন। এমতাবস্থায় জনাব মোঃ সজীব হোসেন, ক্রাফট ইনস্ট্রাক্টর ও জনাব মোঃ ইসমাইল গাজী, অফিস সহায়ক, পটুয়াখালী পলিটেকনিক ইন্সটিটিউট, পটুয়াখালী অসংলগ্ন তথ্য সংযুক্ত অনাপত্তি সনদ সহ আবেদন কেন করেছেন তার উপযুক্ত ব্যাখ্যা আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে অধ্যক্ষের মাধ্যমে অত্র দপ্তরে প্রেরণ করার জন্য বলা হলো।

অন্যথায় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

অধ্যক্ষ,  
পটুয়াখালী পলিটেকনিক ইন্সটিটিউট,  
পটুয়াখালী।

স্বাঃ-

(মোঃ ইসরাইল হোসেন)

উপসচিব

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

কারিগরি শিক্ষা অধিদপ্তর

বরিশাল বিভাগ।

স্মারকনং- ৫৭.০৩.০৬৫১.০০০.১৮.৩১.২২. ৬১১ (৭)

তারিখঃ ১১.১০.২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো, (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি প্রশাসনিক এলাকা, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

২। পরিচালক (প্রশাসন/ পলিটেকনিক) কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

৩। সহকারী পরিচালক ১/৩ কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, অত্র দপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৫। জনাব জনাব মোঃ সজীব হোসেন, ক্রাফট ইনস্ট্রাক্টর, পটুয়াখালী পলিটেকনিক ইন্সটিটিউট, পটুয়াখালী।

৬। জনাব মোঃ ইসমাইল গাজী, অফিস সহায়ক, পটুয়াখালী পলিটেকনিক ইন্সটিটিউট, পটুয়াখালী

৭। সংরক্ষণ নথি।



(মোঃ ইসরাইল হোসেন)

উপসচিব

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

কারিগরি শিক্ষা অধিদপ্তর

বরিশাল বিভাগ।

ফোন : ০২৪৭৮৮৩০২১৪

Agreed.  
11.10.22